

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ঔষধ প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৮২.১১.০৪৮.০৭- ২৫৭

তারিখঃ ২২ কার্তিক ১৪২৬
০৭ নভেম্বর ২০১৯

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত কর্মকর্তাকে ঔষধ প্রশাসন অধিদপ্তর-এর ঔষধ তত্ত্বাবধায়ক (ভেট) পদে (৯ম গ্রেড) জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাঃ ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রঃনং	পদের নাম	রেজিস্ট্রেশন নং	প্রার্থীর নাম
০১	ঔষধ তত্ত্বাবধায়ক (ভেট)	০১৮৯৯৪	জনাব মোঃ মওদুদ আহমেদ

শর্তাবলীঃ

- (ক) সরকারের প্রচলিত আইন, বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য আইন ও বিধি-বিধান দ্বারা চাকুরি সংক্রান্ত সকল বিষয় নিয়ন্ত্রিত হবে।
- (খ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না।
- (গ) ঔষধ প্রশাসন অধিদপ্তরে যোগদানের তারিখ থেকে নিয়োগপ্রাপ্ত প্রার্থীদের চাকুরিকাল গণনা করা হবে।
- (ঘ) প্রাথমিকভাবে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে গণ্য হবেন এবং নিয়োগবিধিতে বর্ণিত বিধান মোতাবেক শিক্ষানবিশ কর্মকর্তাকে উক্ত পদে স্থায়ী করা হবে।
- (ঙ) শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকুরি হতে অপসারণ করা হবে।
- (চ) তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দিলে তঁার প্রশিক্ষণকালে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণভাতা/ অন্যান্য ভাতাদি ও তঁার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন। এক্ষেত্রে তঁার কাছে সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিম্যান্ড রিকভারি এন্ট্রি, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং প্রয়োজনীয় বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (ছ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- (জ) চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না।
- (ঝ) সকল স্বাস্থ্য-অস্বাস্থ্য সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় স্বাস্থ্য সেবা বিভাগে দাখিল করতে হবে।

২। উপরের শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য হলে আগামী ২১ নভেম্বর ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবর যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষর

৩। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত

(মোহাম্মদ মোস্তাফিজুর রহমান)
সহকারী সচিব।

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৮২.১১.০৪৮.০৭-২৫৭/১(১০)

তারিখঃ ২২ কার্তিক ১৪২৬
০৭ নভেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। জনাব মোঃ মওদুদ আহমেদ, ঔষধ তত্ত্বাবধায়ক (ভেট), পিতা- মোঃ আক্বাহ আলী, গ্রাম- ইব্রাহিমপুর, ডাকঘর- কলাবাড়ি, থানা- দামুড়হুদা, জেলা- চুয়াডাঙ্গা।
- ১০। অফিস কপি।

০৭.১১.২০১৯

(মোহাম্মদ মোস্তাফিজুর রহমান)
সহকারী সচিব।